# Govt Scholarship after Madhyamik 2024 : মাধ্যমিকের পর কোন সরকারি স্কলারশিপে আবেদন করা যায়?

February 29, 2024 by Admin




share

মেধাবী ছাত্রছাত্রীদের পড়াশোনার পথে যাতে অর্থ বাঁধা না হয় তার জন্য **কেন্দ্রীয় সরকার তথা রাজ্য সরকারের তরফ থেকে স্কলারশিপের** (Scholarship) ব্যবস্থা করা হয়। এতে করে সকলেই উচ্চশিক্ষার সমান সুযোগ পায়, একই সাথে আরও ভালো করে পড়াশোনার জন্য উৎসাহিত হয় পড়ুয়ারা।

সরকারের তরফ থেকে যে সমস্ত স্কলারশিপ বা বৃত্তি দেওয়া হয় তা মূলত দুই রকম। একটি রাজ্য সরকারের তরফ থেকে দেওয়া হয়, অন্যটি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে দেওয়া হয়। জীবনের প্রথম বড় পরীক্ষা **মাধ্যমিকের পরেই একাধিক স্কলারশিপের** (Govt Scholarship after Madhyamik) জন্য আবেদন করা যেতে পারে। আজ মাধ্যমিকের পর কোন কোন স্কলারশিপে আবেদন করা যাবে সেই সম্পর্কেই বিস্তারিত জানানো এই প্রতিবেদনে।

Join Group

Join Now

Contents [ hide ]

Bhaban 2024)
3 ওয়েসিস পোস্ট-মাত্রিক স্কলারশিপ/শিক্ষাশ্রী প্রকল্প (OASIS Post metric Scholarship 2024)
4 পশ্চিমবঙ্গ সংখ্যালঘু ঐক্যশ্রী স্কলারশিপ (Aikashree Scholarship 2024)
5 নবান্ন স্কলারশিপ ও উত্তরকন্যা স্কলারশিপ (Nabanna Scholarship/Uttar Kanya Scholarship 2024)
6 ন্যাশনাল স্কলারশিপ (National Scholarship Portal 2024)

## মাধ্যমিকের পর আবেদন করার মত সরকারি স্কলারশিপ

| স্কলারশিপের নাম | প্রদানকারী সংস্থা |
|---|---|
| স্বামী বিবেকানন্দ মেরিটকাম স্কলারশিপ / বিকাশ ভবন স্কলারশিপ | পশ্চিমবঙ্গ সরকার |
| ওয়েসিস পোস্ট-মাত্রিক স্কলারশিপ/শিক্ষাশ্রী প্রকল্প | পশ্চিমবঙ্গ সরকার |
| পশ্চিমবঙ্গ সংখ্যালঘু ঐক্যশ্রী স্কলারশিপ | পশ্চিমবঙ্গ সরকার |
| নবান্ন মুখ্যমন্ত্রী স্কলারশিপ ও উত্তরকন্যা স্কলারশিপ | পশ্চিমবঙ্গ সরকার |
| ন্যাশনাল স্কলারশিপ | কেন্দ্রীয় সরকার |

উপরে যে পাঁচটি স্কলারশিপের সম্পর্কে বলা হয়েছে, সেগুলি কখন কিভাবে আবেদন করবেন? অফিসিয়াল ওয়েবসাইট কি তা নিচে বিস্তারিত ভাবে আলোচনা করা হল।

## স্বামী বিবেকানন্দ মেরিটকাম স্কলারশিপ/বিকাশ ভবন স্কলারশিপ (Swami Vivekananda Scholarship Bikash Bhaban 2024)

পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের জন্য যে সমস্ত স্কলারশিপ রয়েছে তার মধ্যে **স্বামী বিবেকানন্দ স্কলারশিপ (Swami Vivekananda Scholarship)** অন্যতম একটি। তাছাড়া এই স্কলারশিপে প্রাপ্ত টাকার পরিমাণ অনেকটিয়া বেশি। পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দফতর বা বিকাশ ভবনের তরফ থেকে এই বৃত্তি দেওয়া হয়। তবে তার জন্য মাধ্যমিক পরীক্ষায় ভালো রেজাল্ট করতে হয়।

প্রথমে যখন এই স্কলারশিপ শুরু হয়েছিল সেই সময় মাধ্যমিকে ৭৫% নম্বর পেলে এই স্কলারশিপের জন্য আবেদন করা যেত। তবে গত বছর আরও বেশি **ছাত্র-ছাত্রীদের বৃত্তির সুবিধা দেওয়ার জন্য নূন্যতম যোগ্যতা কমিয়ে ৬০% নম্বর করে দেওয়া হয়েছে।**

➤ **অফিসিয়াল ওয়েবসাইট :** svmcm.wbhed.gov.in

***আরও পড়ুনঃ*** *তিনটি নতুন মেডিক্যাল কলেজের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী! কোন জেলায়? দেখুন তালিকা*

## ওয়েসিসি পোস্ট-মাত্রিক স্কলারশিপ/শিক্ষাশ্রী প্রকল্প (OASIS Post metric Scholarship 2024)

পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের জন্য **ওয়েসিসি বৃত্তি (Oasis Scholarship)** প্রদান করা হয়। এই স্কলারশিপের জন্য **SC/ST/OBC পড়ুয়ারা আবেদন করতে পারে**। এর জন্য আবেদনকারীর অবশ্যই জাতি শংসাপত্র থাকতে হবে, যেটা পশ্চিমবঙ্গ সরকারের দ্বারা স্বীকৃত হতে হবে।

ওয়েসিসি পোস্ট মেট্রিক স্কলারশিপে SC, ST OBC-A, OBC-B এর ক্ষেত্রে আর্থিক অনুদানের পরিমাণ ভিন্ন হয়। যেমন **ST দের ক্ষেত্রে বেশি টাকা পাওয়া যায় তবে OBC দের ক্ষেত্রে টাকা কিছুটা কমে যায়**।

যে সমস্ত ছাত্রছাত্রীরা ওয়েসিসি স্কলারশিপের জন্য আবেদন করতে চাও, তাদের অফিসিয়াল ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে হবে। এর জন্য প্রথমেই ওয়েবসাইটে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এরপর সমস্ত সঠিক তথ্য দিয়ে ফর্ম ফিলাপ করতে হবে। তারপর সেটা স্কুলে জমা দিতে হবে।

➤ **অফিসিয়াল ওয়েবসাইট :** *oasis.gov.in*

## পশ্চিমবঙ্গ সংখ্যালঘু ঐক্যশ্রী স্কলারশিপ (Aikashree Scholarship 2024)

রাজ্যের **সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্রদয়ে আরেকটি বৃত্তি হল ঐক্যশ্রী স্কলারশিপ (Aikyashree Scholarship)**। এই প্রকল্পে মুসলিম, জৈন, শিখ সহ আরও একাধিক সংখ্যালঘু সম্প্রদায়ের পড়ুয়াদের আর্থিক সাহায্য প্রদান করা হয়। তাই চাইলে এই স্কলারশিপের জন্যও আবেদন করতে পারো। তবে আবেদনের সময় বৈধ জাতিগত শংসাপত্র লাগবে।

ঐক্যশ্রী স্কলারশিপে আবেদন অনলাইনে হবে। এর জন্য অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে রেজিস্ট্রেশন করে সেখানে সমস্ত তথ্য দিয়ে ফর্ম ফিলাপ করে সেটা প্রিন্ট আউট করে নিতে হবে। এরপর সেই ফর্ম নিজেদের স্কুলে জমা দিতে হবে। এরপর কিছু সময় লাগবে, সমস্ত প্রসেস শেষে শিক্ষার্থীর ব্যাঙ্ক অ্যাকাউন্টে সোজাসুজি টাকা দেওয়া হবে।

➤ **অফিসিয়াল ওয়েবসাইট :** *wbmdfcscholarship.org*

## নবান্ন স্কলারশিপ ও উত্তরকন্যা স্কলারশিপ (Nabanna Scholarship/Uttar Kanya Scholarship 2024)

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ট্রেন তহবিল থেকে পড়ুয়াদের জন্য এই স্কলারশিপ দেওয়া হয়। শুরুতে নবান্ন স্কলারশিপের জন্য নবান্নতে গিয়ে অফলাইনে ফর্ম ফিলাপ করে জমা দিয়ে আসতে হত। তবে বর্তমানে সেই পদ্ধতি ডিজিটাইজ হয়েছে।

**নবান্ন স্কলারশিপের (Nabanna Scholarship) জন্য অনলাইনে ইমেলের মাধ্যমে বা অফলাইনে নবান্ন গিয়ে আবেদন করা যেতে পারে।** তবে অফলাইনে ফর্ম জমা দিলেই স্কলারশিপ অ্যাপ্রুভ হওয়ার সম্ভাবনা বেশি। তবে উত্তরবঙ্গের ক্ষেত্রে একটু অন্য পদ্ধতি রয়েছে।

মুখ্যমন্ত্রীর নবান্ন স্কলারশিপ উত্তরবঙ্গে 'উত্তরকন্যা স্কলারশিপ নাম পরিচিত। তাই উত্তরবঙ্গের ছাত্রছাত্রীরা আবেদন করতে চাইলে অনলাইনে বা অফলাইনে উত্তরকন্যা অফিসে গিয়ে ফর্ম জমা করতে পারবে। পশ্চিমবঙ্গের যেখান থেকেই আবেদন করা হোক না কেন, অ্যাপ্রুভ হলে এককালীন ১০,০০০ টাকা দেওয়া হবে।

➤ **অফিসিয়াল ওয়েবসাইট :** cmrf.wb.gov.in

## ন্যাশনাল স্কলারশিপ (National Scholarship Portal 2024)

কেন্দ্রীয় সরকারের তরফ থেকেও মেধাবী ছাত্রছাত্রীদের জন্য একাধিক স্কলারশিপ প্রদান করা হয়। এর জন্য ন্যাশনাল স্কলারশিপ পোর্টালে আবেদন করতে হবে। দেশের সমস্ত রাজ্যের জন্য ভিন্ন ভিন্ন স্কলারশিপ থাকে। এর মধ্যে যেগুলিতে যোগ্যতা হবে সেগুলো অ্যাপ্লাই করা যেতে পারে।

তবে ন্যাশনাল স্কলারশিপ পোর্টালে বৃত্তির জন্য আবেদন করার আগে মনে রাখতে হবে, **রাজ্য সরকারের স্কলারশিপে আবেদন করে থাকলে কেন্দ্রীয় সরকারের স্কলারশিপে আবেদন করতে পারবে না**। যদি করা হয় **তাহলে সেটা বাতিল হওয়ার সম্ভাবনাই বেশি**।

➤ **অফিসিয়াল ওয়েবসাইট :** *scholarship.gov.in*

উপরে দেওয়া ৫ টি স্কলারশিপ সমস্ত ছাত্রছাত্রীদের জন্যই খুব হেল্পফুল। তাই চাইলে এই প্রতিবেদনটিকে PDF আকারে সেভ করে রাখতেও পারো। এর জন্য নিচে PDF ডাউনলোড করার লিঙ্ক দেওয়া হল।

স্কলারশিপের ডিটেলস সহ লিস্ট PDF

‹ তিনটি নতুন মেডিক্যাল কলেজের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী! কোন জেলায়? দেখুন তালিকা

সমস্ত আপডেট **গুরুত্বপূর্ণ প্রশ্ন-উত্তর, সাজেশন** পাওয়ার জন্য গ্রুপে যুক্ত হন -

Join Group

⇇ **Latest Educational News**

**Govt Scholarship after Madhyamik 2024 : মাধ্যমিকের পর কোন সরকারি স্কলারশিপে আবেদন করা যায়?**

**তিনটি নতুন মেডিক্যাল কলেজের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী! কোন জেলায়? দেখুন তালিকা**

**Madhyamik Exam Routine 2025: পিছোলো পরীক্ষা! কবে থেকে শুরু? প্রকাশ্যে মাধ্যমিক পরীক্ষা ২০২৫ এর রুটিন**

**শেষ মুহূর্তে জারি নতুন নির্দেশিকা, উচ্চমাধ্যমিকে আরও বাড়লো কড়াকড়ি!**

**Chakrir Khobor 2024: রাজ্যে বর্তমানে কি কি চাকরির ফর্ম ফিলাপ চলছে (Latest Government Jobs 2024)**

Ads 300x250

**AllAnswer.in**: মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক পশ্চিমবঙ্গের সকল ছাত্রছাত্রীদের জন্য গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্তর, সাজেশন সহ সকল প্রকার পড়াশোনা সংক্রান্ত খবর।

Follow:

Email: allanswerofficial@gmail.com

About Us | Contact Us | Privacy Policy | Sitemap

2024 © AllAnswer.in | Education & Scholarship